

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৯০

ছেলেংটা, ১৩ এপ্রিল, ২০২৫

ধলাই জেলার বিভিন্ন উন্নয়নমূলক কাজ
নিয়ে মুখ্যমন্ত্রীর পর্যালোচনা সভা



ধলাই জেলার বিভিন্ন উন্নয়নমূলক কাজ নিয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহার সভাপতিত্বে মনু সরকারি ডাকবাংলোতে আজ এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় ধলাই জেলায় পৃত্ত, পানীয়জল ও স্বাস্থ্যবিধান, গ্রামোন্নয়ন, বিদ্যুৎ, শিক্ষা, স্বাস্থ্য, বন প্রত্তি দপ্তরের বিভিন্ন উন্নয়নমূলক কাজ নিয়ে পর্যালোচনা করা হয়। পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী বিভিন্ন প্রকল্পের অগ্রগতি সম্পর্কে অবগত হন এবং সকল কাজের গুণগতমান বজায় রেখে দ্রুত সম্পন্ন করতে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন।

আজকের এই পর্যালোচনা সভায় ধলাই জিলা পরিষদের সভাধিপতি সুস্মিতা দাস, বিধায়ক শন্তুলাল চাকমা, এম.ডি.সি. সঞ্জয় দাস, এম.ডি.সি. হংসকুমার ত্রিপুরা, ধলাই জোনাল ডেভেলপমেন্ট চেয়ারপার্সন প্রেমলাল মলসম, ধলাই জেলার জেলাশাসক সাজু বাহিদ এ, পুলিশ সুপার মিহিরলাল দাস, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিস্বিসার ভট্টাচার্য, ধলাই জেলার ৪টি মহকুমার মহকুমা শাসকগণ সহ সংশ্লিষ্ট দপ্তরগুলির জেলাস্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
